উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত (৩০ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১৩/১২/২০২১ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় উপস্থিত ছিলেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে নবাগত উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মার্জিয়া সুলতানা রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় শত ব্যস্ততার মাঝেও সভায় উপস্থিত হওয়ায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ডিসেম্বর/২১ মাসে করোনা টেষ্ট করার জন্য ৩৫ জন রোগীর নমুনা ঢাকা প্রেরণ করা হয়েছিল, সবগুলোতেই নেগেটিভ এসেছে। তিনি বলেন, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ডিসেম্বর/২১ মাস পর্যন্ত সাইনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ১,০০,০৬০ টি ও ২য় ডোজ ৮৯,৫২৯ টি, অক্সফোর্ড-অ্যাষ্ট্রাজেনেকা ভ্যাকসিন ১ম ডোজ ৬৯,১৪৬ টি ও ২য় ডোজ ৩৫,৩৭৪ টি এবং ফাইজার ১ম ডোজ ৫,১৪৬ টি প্রদান করা হয়েছে। টিকা গ্রহণের পরে কারও কোন পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়নি। এ বিষয়ে কেউ কোন অভিযোগও করেননি মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।<br>রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় বলেন যে, করোনার বোস্টার ডোজ দেয়া হচ্ছে কি না জানতে চাইলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান রাজবাড়ী সদর উপজেলায় এখনও করোনার বোস্টার ডোজ প্রদান কার্যক্রম চালু হয়নি। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় ঘূর্ণিঝড় জাওয়াদের প্রভাবে অতিবৃষ্টিতে সরিষা, মসুর,গম, পেয়াজ, সবজি, ধনিয়া, কলোজিরা ফসলের উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে। ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য ইতোমধ্যে দপ্তর থেকে সময় উপযোগী ফসলের পুর্নবাসনের জন্য সুপারিশ করা হয়েছে এবং বিদ্যমান ফসলের রোগবালাই দমনে কৃষকদের কার্যকরী পরামর্শ দেওয়া চলমান আছে। তিনি সভায় উপজেলা পরিষদের সীমানা দেওয়ালের বাইরে উপজেলা কৃষি অফিসের সামনের দেওয়ালের সাথে ২.০ শতাংশ জায়গা বীজ, সার সুষ্ঠভাবে বিতরণ ও সংরক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যাবলী সম্পাদন জন্য উপজেলা কৃষি অফিসের ব্যবহারের নিমিত্ত জায়গা বরাদ্দের অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।<br>রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় বলেন যে, বিভিন্ন জেলায় সারের সংকট দেওয়ায় কৃষকেরা জমিতে সময়মত সার প্রয়োগ করতে পারছে না মর্মে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে। তাই রাজবাড়ী সদর উপজেলায় যাতে সারের সংকট না হয় সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ক) উপজেলা পরিষদের সীমানা দেওয়ালের বাইরে উপজেলা কৃষি অফিসের সামনের দেওয়ালের সাথে ২.০ শতাংশ জায়গা বীজ, সার সুষ্ঠভাবে বিতরণ ও সংরক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যাবলী সম্পাদন জন্য উপজেলা কৃষি অফিসের ব্যবহারের নিমিত্ত জায়গা বরাদ্দের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>খ) রাজবাড়ী সদর উপজেলায় যাতে সারের সংকট না হয় সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, নিয়মিত ভ্যাকসিনের কার্যক্রম পরিচালনার ফলে বিভিন্ন খুড়া রোগসহ অন্যান্য রোগ নিয়ন্ত্রণ রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, প্রতি বছর মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ মোতাবেক ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ০৮ (আট) মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। এ সময়ে ২৫ সেন্টিমিটারের (১০ ইঞ্চি) কম সাইজের ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। উক্ত সময়কালে জাটকা সংরক্ষণের জন্য অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া নদী এবং বিল হতে অবৈধ জাল বিশেষ করে চায়না দুয়ারী জাল উচ্ছেদ করার জন্য অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা একান্ত জরুরী। এ জন্য তিনি সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরও জানান যে, বিভিন্ন জেলায় দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ প্রকল্প কাজ শুরু করা হয়েছে। এই প্রকল্পটি রাজবাড়ী সদর উপজেলায় পাওয়ার জন্য প্রকল্প পরিচালক বরাবরে সভাপতির স্বাক্ষরে ডিও লেটার দেওয়া যেতে পারে। এই প্রকল্পটি রাজবাড়ী সদরে আনতে পারলে রাজবাড়ীর মানুষ সারা বছর দেশীয় প্রজাতির মাছ পাবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | জাটকা সংরক্ষণের জন্য সকল ইউপি চেয়াম্যানগণ তথ্য দিয়ে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, রাজবাড়ী সদর উপজেলাধীন নিমতলা হইতে মধুখালী জিসি রাস্তা উন্নয়নের জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজবাড়ী দপ্তর হতে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত রাস্তায় অবস্থিত ০৯ (নয়) টি জরাজীর্ণ কালভার্ট নিলামের মাধ্যমে বিক্রয়পূর্বক অপসারণের জন্য ৩,৫২,৫৬৮/- (তিন লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত আটষট্টি) টাকা মাত্র প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | রাজবাড়ী সদর উপজেলাধীন নিমতলা হইতে মধুখালী জিসি রাস্তায় অবস্থিত ০৯ (নয়) টি জরাজীর্ণ কালভার্ট নিলামের মাধ্যমে বিক্রয়পূর্বক অপসারণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী আরোও বলেন যে, তার ওপেন হার্ট সার্জারী সফলভাবে সম্পন্ন হয়েছে। তিনি সুস্থ হয়ে গত ০৭/১২/২০২১ খ্রিঃ তারিখে পুনরায় কর্মস্থলে যোগদান করেছেন। এছাড়া বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।<br>সভাপতি বলেন যে, উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী সুস্থ্য হয়ে কর্মস্থলে যোগদান করায় উপজেলা পরিষদের পক্ষ থেকে তাকে আন্তরিক অভিনন্দন জানানো হয়। | | |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, ৩য়-৫ম শ্রেণী পযন্ত ১০০% বিনামূল্যে বিতরণের জন্য পাঠ্যবই পাওয়া গেছে। শিশু ১ম ও ২য় শ্রেণীর বই ৩০/১২/২০২১ তারিখের মধ্যে পাওয়া যাবে বলে জানা গেছে। ০১/০১/২০২২ তারিখ নির্দেশনা মোতাবেক বই বিতরণ করা হবে। নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে বই বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের অক্টোবর হতে ডিসেম্বর মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ১৫০ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। স্বেচ্ছাসেবী সংস্থার অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে (নির্ধারিত) ০৭টি অনুদানের ১,৪০,০০০/- টাকা শীঘ্রই বিতরণ করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ক্যান্সার, কিডনী, স্ট্রোকে প্যালাইজড, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগীদের অনুকূলে প্রত্যেককে ৫০,০০০/- টাকা হিসেবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) এবং মৃতজনিত কারণে ০৩টি পুণঃ ইস্যুকৃত চেক বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকা বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মধ্যে এককালীন অনুদানের আবেদন ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখে জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। আরএসএস পুনঃবিনিয়োগ করা হয়েছে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা এবং আদায় করা হয়েছে ১,৮১,০০০/- (এক লক্ষ একাশি হাজার) টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৬৯ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২৯ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ২৩ টি গৃহ নির্মাণের কাজ শুরু করা হয়েছে। টিআর ও কাবিখা'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২১৬০ মেঃ টন চাউল, ৪৬৫ মে: টন গম ও ধান ৯০ মে: টন মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, নভেম্বর/২০২১ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭২৮৪৮ জন, গ্রহণকারী ৫৭৪৩৮ জন, গ্রহনকারীর হার ৭৮.৮৫%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০১ জন, মহিলা ২৪ জন। মোট স্থায়ী পদ্ধতি ১৭ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১২২০ জন, আইইউডি ৭৭ জন। ইমপ্লান্ট ২০৩ জন। আশ্রয়ন প্রকল্পে নভেম্বর/২০২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৮ জন। গ্রহনকারীর হার ৮৬.৫৫%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে ঋণ বিতরণ করা হয়নি। অর্থ বছরে যুব ঋণ বিতরণ ২৭ জনকে ১৭,০০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ১১৭২ জনকে ৪২,৩৯,০০০/- টাকা। ডিসেম্বর/২০২১ মাসে ১২০ জনকে ও অর্থ বছরে ৩০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিস্তি খেলাপী ২,৯৮,৫২৯/- টাকা, ঋণ খেলাপী ৪,০৯,৭৩৫/- টাকা, চলতি আদায়ের হার ৯৬%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রুপপুর আশ্রয়ন প্রকল্পের ঋণের আসল আদায় ২৪,৬৪,৫০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১,৯৭,১৫১/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ৫৭,০৩,৭০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪,৯২,০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ৬০,৩৮,৪০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৮,০০,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ২০২২ সালের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের বিনা মূল্যের পাঠ্য বইয়ের অত্র উপজেলার চাহিদা ছিল ৪,৮৭,৩৩৫ টি। এ পর্যন্ত প্রাপ্ত বইয়ের সংখ্যা ২,১১,৯৬৬ টি। আগামী ২০ ডিসেম্বর থেকে বই উপজেলা থেকে প্রতিষ্ঠান পর্যায়ে প্রেরণ করা হবে। ০১ জানুয়ারি, ২০২২ শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হবে। ১২ থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম চলছে। এ পর্যন্ত ৪১১৩ জনকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ২০২২ সালের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর শিক্ষার্থী ভর্তি অনলাইনে হবে। এখন শিক্ষার্থীরা আবেদন করছে। ১৫/১২/২০২১ খ্রিঃ তারিখে সরকারি স্কুল এবং ১৯/১২/২০২১ খ্রিঃ তারিখে বেসরকারি স্কুলের লটারি অনুষ্ঠিত হবে। ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিষ্ঠান পর্যায়ে প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১ম পর্যায় ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩০৫ টি সম্পূর্ণ হয়েছে এবং ২য় পর্যায় ৩৬৪ টি নলকূপের মধ্যে ১৬০ টি সম্পূর্ণ হয়েছে। জি.পি.এন এবং এন.এন. জি.পি.এস প্রকল্পে ০৬ টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পিইডিপি প্রকল্পে ১০ টি ওয়াশব্লকের কাজ চলমান। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় এডিবি ভূক্ত ০৩ (তিন) টি প্রকল্প চলমান রয়েছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে এ পর্যন্ত ০২ (দুই)টি স্কীম বরাদ্দ পাওয়া গিয়েছে। অপ্রধান শস্য প্রকল্পের আওতায় ডাল, মসলা ও তৈল জাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চলতি অর্থ বছরে কৃষকদের মাঝে ৪% সার্ভিস চার্জে ২১১.৮০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে, আরোও ১০.০০ লক্ষ টাকা বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ১২ টি প্রদর্শনী প্লট করার জন্য অর্থ প্রদান করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ২০ টি সমবায় সমিতি গঠন করে পুঁজি গঠন ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, তার বিভাগের ঋণ বিতরণ ৩২.৫৫ লক্ষ টাকা, ঋণ আদায় হয়েছে ৩৬.৮২ টাকা, সঞ্চয় আদায় ৬.২৪ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৭ জন, আদায়ের হার ৯৩%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |
| ১৯ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে ঋণ বিতরণ ১২৬.১৪ লক্ষ টাকা, ঋন আদায় ১১২.০১ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৬.০৪ লক্ষ টাকা ও ৬৭.০০ টাকা কর্মসৃজন-২ বাবদ বরাদ্দ পাওয়া গিয়াছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়ীটি রাস্তায় চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে কারণ জীপগাড়ীটির ০৪ (চার) টি টায়ার বর্তমান খুবই খারাপ অবস্থা। সে কারণে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর ০৪ (চার) টি টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের অনুমোদেনের জন্য মন্ত্রনালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর ০৪ (চার) টি টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের অনুমোদেনের জন্য মন্ত্রনালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫। সভায় নিম্নবর্ণিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ কোটেশনের কমিটির মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | রাজবাড়ী সদর উপজেলার সুলতানপুর ৮নং ওয়ার্ডের ভাটি সুলতানপুর বেসরকারী রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ | ৬,০০,০০০/- |
| ০২ | রাজবাড়ী সদর উপজেলাধীন মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ | ৬,০০,০০০/- |

০৬। সভায় উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সদর জানান যে, উপজেলা পরিষদের সিসি ক্যামেরার এক্সভিআর ও কিছু ক্যামেরা নষ্ট হয়ে যাওয়ায় পরিষদের নিরাপত্তা নিশ্চিতকল্পে সিসি ক্যামেরার ডিভিআর, হার্ডডিক্স ও কিছু ক্যামেরা ক্রয়/মেরামত করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্ত উপজেলা পরিষদের সিসি ক্যামেরার ডিভিআর, হার্ডডিক্স ও কিছু ক্যামেরা ক্রয়/মেরামত বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকার প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধন্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৭। সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহ বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ হতে আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহ বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৮। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর নভেম্বর/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর নভেম্বর/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) উপজেলা উপজেলা পরিষদের পানির পাম্প মেরামতের মালামাল সরবরাহ বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকার বিল, উপজেলা পরিষদের সিসি ক্যামেরার ০১ টি এক্সভিআর (৩২ চ্যানেল) ও ০১টি হার্ডডিক্স (২ টিভি) সরবরাহ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বিনিয়ার উড কাঠের ৫×৭ ফিট ০১টি বিস্কুট খাট সরবরাহ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিলগুলো অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় মহান বিজয়ের মাসে উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি বিজয়ের মাসে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন বাঙালী জাতির মহান নেতা, মুক্তিযুদ্ধের মহানায়ক, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যার অবিচলিত সাহসী নেতৃত্বের ফল বাংলাদেশের অভ্যুদয়। তিনি আরোও বলেন, মানুষ যাতে সেবার জন্য এসে ভোগান্তির শিকার না হয় সে ব্যাপারে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি সকলকে আন্তরিকভাবে সুষ্ঠু সমন্বয়েরর মাধ্যমে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মার্জিয়া সুলতানা বলেন যে, বিজয়ের মাসে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, বাঙালী জাতির অবিসংবাদিত নেতা মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদ বীর মুক্তিযোদ্ধাদের। তিনি বলেন, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এটি তার প্রথম সভা। মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় উপস্থিত হয়ে সভাকে অলংকৃত করেছেন। তিনি আরও বলেন যে, ভূমিহীনদের জন্য নির্মিত ঘরে বসবাসরত উপকারভোগীদে পানি ও বিদ্যুৎতের যে সমস্যা দেখে দিয়েছে তা বাংলাদেশের অধিকাংশ উপজেলায় এ সমস্যা সৃষ্টি হয়েছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

সভাপতি বলেন যে, রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এবং উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় সভায় উপস্থিত থাকায় সভাকে গুরুত্ব বহন করেছে। তিনি সভায় উপস্থিত থাকলে নীতি নির্ধারক হিসেবে বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়ন সহজতর হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২০২১-১৬৭৬(৫০) তারিখ : ১৩/১২/২০২১ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০। ..........................................................

..........................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

Multan
১৩/১২/২১

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।